

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৪৩১

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (كتاب الطهارة وسننها) পরিচ্ছেদঃ ১/৫০. দাঁড়ি খিলাল করা।

بَابِ مَا جَاءَ فِي تَخْلِيلِ اللِّحْيَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ حَفْصِ بْنِ هِشَامِ بْنِ زَيْدِ بْنِ أَنَسِ بْنِ مَالِكِ، حَدَّثَنَا يَحْيَى بْنُ كَثِيرٍ أَبُو النَّضْرِ، صَاحِبُ الْبَصْرِيِّ عَنْ يَزِيدَ الرَّقَاشِيِّ، عَنْ أَنَسِ بْنِ مَالِكِ، قَالَ كَانَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ إِذَا تَوَضَّاً خَلَّلَ لِحْيَتَهُ وَفَرَّجَ أَصَابِعَهُ مَرَّتَيْنِ .

বাংলা

৩/৪৩১। আনাস ইবনু মালিক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন উযূ (ওজু/অজু/অযু) করতেন, তখন তাঁর দাড়ি খিলাল করতেন এবং তাঁর আঙ্গুলের ফাঁকসমূহও দুবার খিলাল করতেন।

English

It was narrated that Anas bin Malik said:

"When the Messenger of Allah performed ablution, he ran his fingers through his beard and separated his fingers (to let water run through them) twice."

ফটনোট

তাখরীজ কুতুবুত সিন্তাহ: আবূ দাউদ ১৪৫

তাহকীক আলবানী: দুবার শব্দ ছাড়া সহীহ। তাখরীজ আলবানী: সহীহ ইরওয়া ৯২, সহীহ আবূ দাউদ ১৩৩। উক্ত হাদিসের রাবী ইয়াহইয়া বিন কাসীর আবু নাদর সম্পর্কে ইয়াহইয়া বিন মাঈন ও আবু যুরআহ আর-রাযী তাকে দুর্বল বলেছেন। আমর বিন ফাল্লাস বলেন, তিনি ইচ্ছাকৃত মিথ্যা বলেন না। তবে হাদিস বর্ণনায় অধিক ভুল ও সন্দেহ করেন। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আস-সাজী বলেন, তিনি হাদিস বর্ণনায় অধিক দুর্বল, তার হাদিস প্রত্যাখ্যানযোগ্য। ইমাম নাসাঈ বলেন, তিনি সিকাহ নন। ২. ইয়াযীদ আর-রাকশী



সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, মুনকারুল হাদিস। শু'বাহ ইবনুল হাজ্জাজ বলেন, তার থেকে হাদিস বর্ণনার চেয়ে রাস্তা কেটে বসে যাওয়া আমার নিকট অধিক পছন্দনীয়। আমর ইবনুল ফাল্লাস বলেন, হাদিস বর্ণনায় নির্ভরযোগ্য নয়। ইয়াকুব বিন সুফইয়ান বলেন, তার মাঝে দুর্বলতা রয়েছে। ইয়াহইয়া বিন মাঈন বলেন, কোন সমস্যা নেই।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন